বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন
"কৃষি ভবন"
৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০
(মহা-ব্যবস্থাপক (বীজ) এর দপ্তর)

স্মারক নং ঃ ১মব্য(বীজ)৫১(অংশ-৯)/২০০৬-০৭/ ৪৪২(৩০)

তারিখ ঃ ১৮/৯/২০০৬ ইং

বিষয় ঃ **কৃষি মন্ত্রণালয়ে ১৩/৯/২০০৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৮তম সভার কার্য বিবরণী।**

এতদসঙ্গে বর্ণিত বিষয়ের কার্য বিবরণী প্রেরণ করা হ'ল।

সংযুক্তি ঃ সভার কার্য বিবরণী।

(মোঃ নজরুল ইসলাম)
মহা-ব্যবস্থাপক (বীজ)
বিএডিসি, ঢাকা
ও
সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি

অনুলিপি বিতরণ (কার্য বিবরণী সংযুক্ত) ঃ

১। সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
২। পরিচালক (সরেজমিন উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৩। পরিচালক (গবেষণা), বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৪। পরিচালক (গবেষণা), বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৫। পরিচালক (কৃষি), বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৬। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৭। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৮। প্রধান, কৃষিতত্ত্ব বিভাগ, কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ-২২০০।
৯। পরিচালক (গবেষণা), বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
১০। সভাপতি, সীড ফেডারেশন অব বাংলাদেশ, এসআইডি প্রজেক্ট, ৩য় বিল্ডিং, ৭ম ফ্লোর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
১১। পরিচালক (উদ্ভিদ সংরক্ষণ উইং), ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
১২। জনাব গিয়াস উদ্দিন আহমেদ, চেয়ারম্যান, সেন্টার ফর এগ্রো-টেকনোলজী ডেভেলপমেন্ট, ৬০ গ্রীন রোড, ঢাকা (প্রতিনিধি, এনজিও সীড ফোরাম)।
১৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১৪। যুগ্ম-সচিব (কৃষি শিক্ষা ও উপকরণ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।
১৫। মহাপরিচালক (বীজ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৬। অতিরিক্ত মহা-ব্যবস্থাপক (বীবি/খামার/কঃ গ্রোঃ/বীপ্রস/পিডিপি ক্রপস), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৭। প্রকল্প পরিচালক (অধিক বীজ), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।
১৮। প্রকল্প পরিচালক (বীআমক), বিএডিসি, কৃষি ভবন, ঢাকা।

সানুগ্রহ জ্ঞাতার্থে অনুলিপি বিতরণ ঃ

১। মহাপরিচালক, ডিএই, খামার বাড়ী, ফার্মগেট, ঢাকা-১২১৫।
২। মহাপরিচালক, বিআরআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৩। মহাপরিচালক, বিএআরআই, জয়দেবপুর, গাজীপুর-১৭০১।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা কেন্দ্র, পোস্ট বক্স-৪, ময়মনসিংহ-২২০০।
৫। মহাপরিচালক, বিজেআরআই, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
৬। চেয়ারম্যান, বিএডিসি, কৃষি ভবন, ঢাকা-১০০০।
৭। ভাইস চ্যান্সেলর, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ।

## গত ১৩/৯/২০০৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির
## ৩৮তম সভার কার্য বিবরণী

সীড প্রমোশন কমিটির ৩৮তম সভা গত ১৩/৯/০৬ ইং তারিখ সকাল ১০ ঘটিকায় কৃষি মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ) সভাপতিত্ব করেন। পরিশিষ্ট-ক তে উল্লিখিত কর্মকর্তা/প্রতিনিধিগণ সভায় উপস্থিত ছিলেন।

সভার প্রারম্ভে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন এবং সভার কার্যপত্র অনুযায়ী আলোচ্য বিষয়সমূহ উপস্থাপনের জন্য কমিটির সদস্য-সচিব ও মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি, ঢাকাকে অনুরোধ করেন। সভাপতি মহোদয়ের অনুরোধক্রমে সদস্য-সচিব আলোচ্য সূচী অনুযায়ী নিম্নবর্ণিত বিষয়াদি উপস্থাপন করেন ঃ

আলোচ্য সূচী-১ ঃ ১৪/৮/০৬ ইং তারিখে অনুষ্ঠিত ৩৭তম সভার কার্য বিবরণী অনুমোদনের প্রস্তাব।

৩৭তম সভার কার্যবিবরণী ৪/৯/০৬ ইং ১মব্যঃ(বীজ)৫১(অংশ-৯)২০০৫-০৬/৪১০(৩০) নং স্মারকের মাধ্যমে কমিটির সকল সদস্যগণের নিকট পাঠানো হয়। উক্ত কার্য বিবরণীর ব্যাপারে কারো কোন মতামত আছে কিনা জানতে চাইলে পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সি প্রদর্শনী প্লটের জন্য কৃষি সম্প্রসারণ বিভাগকে ব্রিডার বীজ সরবরাহ করার সিদ্ধান্তের বিষয়টি নিয়ে আপত্তি জানান। বিস্তারিত আলোচনার পর শুধুমাত্র নতুন জাতের ক্ষেত্রে কৃষি গবেষণা প্রতিষ্ঠানসমূহ ডিএই'কে প্রয়োজনে ব্রিডার বীজ সরবরাহ করবে, তবে সাধারণভবে প্রদর্শনীর জন্য প্রত্যায়িত/মানঘোষিত বীজ সরবরাহ করবে বলে বিষয়টি সংশোধন করা হল। এছাড়া কারো কোন মতামত/মন্তব্য আছে কিনা জানতে চাওয়া হলে উপস্থিত সদস্যবৃন্দের পক্ষ থেকে কোন প্রস্তাব না থাকায় সর্বসম্মতিক্রমে তা নিশ্চিত করা হয়। অতঃপর মহা-ব্যবস্থাপক (বীজ) সীড প্রমোশন কমিটির ৩৭তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি সভায় উপস্থাপন করেন।

**আলোচ্য সূচী-২ ঃ গত ১৪/৮/২০০৬ ইং তারিখে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৭তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা।**

বিগত ১৪/৮/০৬ ইং তারিখে অনুষ্ঠত সীড প্রমোশন কমিটির ৩৭তম সভার সিদ্ধান্তসমূহ বাস্তবয়নের অগ্রগতি নিম্নে বর্ণিত হলো ঃ

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| ০২ | **আলোচ্য সূচী-২ ঃ ২০০৬-০৭ মৌসুমের জন্য জাতওয়ারী বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>**সিদ্ধান্ত ঃ**<br>ক) ২০০৬-০৭ সালে বিএডিসি ৩,৫০০ মে. টন ভিত্তি বীজআলু (ভিত্তি ও আমদানীতব্য এসই/ই ক্লাস বীজআলু দ্বারা) এবং চুক্তিবদ্ধ চাষীদের মাধ্যমে ১৪,৫০০ মে. টন মানঘোষিত বীজআলু অর্থাৎ সর্বমোট ১৮,০০০ মে. টন বীজআলু উৎপাদন করবে। ব্রিডার ও ভিত্তি বীজের প্রাপ্যতার ভিত্তিতে বিএডিসি জাতভিত্তিক উৎপাদন কর্মসূচী গ্রহণ করবে। **দায়িত্ব ঃ বিএডিসি।**<br>(খ) ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে ভিত্তি বীজ উৎপাদনের জন্য অ্যাসটেরিক্স জাতের ২৫ মে. টন, ফেলসিনা জাতের ২৫ মে. টন, গ্রানুলা জাতের ১৫ মে. টন, ডায়মন্ট জাতের ১৫ মে. টন, প্রুভেন্টা জাতের | **বাস্তবায়নের অগ্রগতি ঃ**<br>(ক) বীজ উৎপাদন জোনসমূহে বীজ উৎপাদন ব্লক ও চাষী নির্বাচনের কাজ চলছে। |

| আলোচ্যসূচীর ক্রমিক নং | বিষয় ও সিদ্ধান্ত | বাস্তবায়নের অগ্রগতি |
|---|---|---|
| | ১০ মে. টন, আলট্রা জাতের ৫ মে. টন, ডুরা জাতের ৫ মে. টন মোট ১০০ মে. টন বেসিক সীড (ক্লাস এসই/ই) আমদানী করবে। দায়িত্ব ঃ বিএডিসি। | (খ) বীজ আমদানীর জন্য প্রক্রিয়া চলছে। |
| | **বিষয় ঃ ২০০৬-০৭ মৌসুমের জন্য জাতওয়ারী ব্রিডার বীজআলু উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ।**<br>**সিদ্ধান্ত ঃ**<br>বিএডিসি'র নিজস্ব টিস্যুকালচার ল্যাবরেটরীতে উৎপাদিত ও সংগৃহীতব্য অনুচারা দ্বারা এবং স্টেম কাটিং ও স্প্রাউট কাটিং-এর মাধ্যমে ১৩,০০০ কেজি ডায়মন্ট ও ১২,০০০ কেজি কার্ডিনাল জাতের ব্রিডার বীজআলু উৎপাদন করবে। দায়িত্ব ঃ বিএডিসি। | **বাস্তবায়নের অগ্রগতি ঃ**<br>উৎপাদন কার্যক্রম হাতে নেয়া হয়েছে। |

**আলোচ্য সূচী-৩ ঃ** ২০০৬-০৭ সালে জাতওয়ারী বোরো বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ।

বিষয়টির ব্যাপারে নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৩ | ২০০৬-০৭ সালে জাতওয়ারী বোরো বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্য সচিব সভায় অবহিত করেন যে, বিএডিসি ২০০৪-০৫ ও ২০০৫-০৬ সালে যথাক্রমে ১৬,৮৩৭ এবং ২৫,৬০১ মে. টন বোরো বীজ বিতরণ করেছে। এছাড়া ২০০৫-০৬ সালে উৎপাদিত ১১টি জাতের ২৯,১৫০ মে. টন বোরো বীজ উৎপাদন করে তা সংরক্ষণ করা হয়েছে। এই মজুদকৃত বীজ ২০০৬-০৭ সালের আসন্ন বোরো মৌসুমে বিতরণ করা হবে। তিনি আরো জানান যে, পিপি অনুযায়ী ২০০৬-০৭ সালে ২৮৫০ মে. টন ভিত্তি ও ২৪,১৬০ মে. টন মানঘোষিত বোরো ধান বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে। **কৃষি মন্ত্রণালয় হতে দেশে বীজ সরবরাহ পরিকল্পনায় ২০০৭-০৮ সালে বিএডিসি'র জন্য ২,২০০ মে. টন ভিত্তি, ৩,৫০০ মে. টন প্রত্যায়িত ও ২৭,০০০ মে. টন মানঘোষিত এবং ১৫০ মে. টন হাইব্রিডসহ মোট ৩২,৮৫০ মে. টন বোরো ধান বীজ সরবরাহ লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে।** | **প্রস্তাব ঃ**<br>(১) ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে সংস্থার খামারসমূহের মাধ্যমে ২,২০০ মে. টন ভিত্তি এবং চুক্তিবদ্ধ চাষী জোনসমূহের চাষীদের মাধ্যমে ৩,৫০০ মে. টন প্রত্যায়িত ও ২৩,২১০ মে. টন মানঘোষিত বোরো বীজ উৎপাদনের কর্মসূচী গ্রহণ করবে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-'খ')।<br>(২) বাংলাদেশ ধান গবেষণা প্রতিষ্ঠান থেকে ২০০৬-০৭ সালের জন্য ১৯,৯৫০ কেজি ও ২০০৭-০৮ সালের জন্য ১৯,৯৫০ কেজি ব্রিডার | |

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | | অপরদিকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর থেকে ২০০৬-০৭ ও ২০০৭-০৮ সালের জন্য যথাক্রমে ২৫,১১০ মে. টন এবং ২৬,৫০০ মে. টন মে. টন বোরো ধান বীজের চাহিদা পাওয়া গিয়েছে। ২০০৬-০৭ সালে বোরো ধান বীজের চাহিদা বিগত বছরসমূহের বীজ বিতরণ ধারা, কৃষকদের বোরো বীজের চাহিদা, পছন্দনীয় জাত, ব্রিডার বীজের প্রাপ্যতা, বেসরকারী প্রতিষ্ঠান/বীজ উৎপাদকদের নিকট হতে ভিত্তি বীজের চাহিদা, দেশে খাদ্য উৎপাদনের বিষয়সমূহ বিবেচনায় এনে ২০০৭-০৮ সালে বিতরণের জন্য ২০০৬-০৭ সালে বিএডিসি হতে ২,২০০ মে. টন ভিত্তি ও ৩,৫০০ মে. টন প্রত্যায়িত এবং ২৩,২১০ মে. টন মানঘোষিত বোরো বীজের জাতওয়ারী উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করা হয়েছে। ব্রি-এর প্রতিনিধি সভায় বিএডিসি'র ব্রিডার বীজের চাহিদা এবং সরবরাহ নিয়ে আলোচনা করেন। বিএডিসি, ব্রি ও বিনা'র প্রতিনিধির মধ্যে বিস্তারিত আলোচনা শেষে বিভিন্ন জাতের ২০,০০০ কেজি ব্রিডার বীজ সরবরাহ নিয়ে তদনুসারে বীজ উৎপাদন কর্মসূচী নির্ধারণ করার জন্য সভাপতি মহোদয় অনুরোধ জানান। বিএডিসি, ব্রি ও বিনা'র প্রতিনিধির সাথে আলোচনা করে বিভিন্ন জাতের ২০,০০০ কেজি ব্রিডার বীজ সরবরাহ নেয়ার বিষয়টি নির্ধারিত হয় (বিস্তারিত বিবরণ ঃ পরিশিষ্ট-খ)। | বোরো ধান বীজ এবং বাংলাদেশ পরমাণু গবেষণা প্রতিষ্ঠান থেকে ২০০৬-০৭ সালে ৫০ কেজি ও ২০০৭-০৮ সালে ৫০ কেজি ব্রিডার বীজ বিএডিসিকে সরবরাহ করবে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-'ক')।<br>(৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনীর আয়োজন করবে। সেক্ষেত্রে গবেষণা প্রতিষ্ঠানসমূহ হতে প্রয়োজনীয় বীজ ডিএই'কে সরবরাহ করবে।<br>(৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য 'ক্যামপেন' আকারে প্রচারণার কর্মসূচী গ্রহণ ও বাস্তবায়ন করবে। | |
| ০৪ | ২০০৬-০৭ উৎপাদন মৌসুমের জন্য বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীর অধীন বোরো ধান বীজ উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্য সচিব সভায় অবহিত করেন যে, "বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীতে" ২০০৫-২০০৬ সালে ১,৯৫০ মে. টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ২,৯৪৩ মে. টন বোরো ধান বীজ সংগ্রহ হয়েছে, যা ২০০৬-০৭ সালে বিতরণের জন্য সংরক্ষিত আছে। চলতি ২০০৬-০৭ সালে ৪টি জোনের লক্ষ্যমাত্রা আছে ৩,০০০ মে. টন। বর্তমানে সংশোধিত কর্মসূচীতে আরো ৬টি জোন বৃদ্ধি হওয়ায় মোট ১০টি জোনে বিআর-২৬ জাতের ২০০ মে. টন, ব্রিধান-২৮ জাতের ১,৫০০ মে. টন ও ব্রিধান-২৯ জতের ২,১০০ মে. টন মোট ৩,৮০০ মে. টন বোরো ধান বীজ উৎপাদন ও সংগ্রহের প্রস্তাব করা হয়েছে। এ উৎপাদন পরিকল্পনার প্রস্তাব উপস্থিত সকল সদস্যবৃন্দ সমর্থন করেন। সভাপতি মহোদয় প্রস্তাব মোতাবেক উৎপাদন কর্মসূচী গ্রহণের ব্যবস্থা নেয়ার জন্য মতামত রাখেন। | বীজের আপৎকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কর্মসূচীতে চলতি ২০০৬-০৭ সালে বিআর-২৬ জাতের ২০০ মে. টন, ব্রিধান-২৮ জাতের ১,৫০০ মে. টন ও ব্রিধান-২৯ জতের ২,১০০ মে. টন মোট ৩,৮০০ মে. টন বোরো ধন বীজ উৎপাদন করবে। | |

| ক্রমিক নং | আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ০৫ | ২০০৬-০৭ মৌসুমের জন্য জাতওয়ারী গম বীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধারণ। | সদস্য-সচিব সভায় জানান যে, ২০০৪-২০০৫ এবং ২০০৫-০৬ সালে বিএডিসি যথাক্রমে ১৩,৭০৪ মে. টন এবং ১২,৪১৫ মে. টন গম বীজ বিতরণ করেছে। ২০০৫-০৬ সালের বিতরণকৃত গম বীজের মধ্যে ২,১০৩ মে. টন আমদানী করা বীজ ছিল। বিএডিসি ২০০৫-০৬ সালে বিভিন্ন প্রকল্পের মাধ্যমে আপৎকালীন মজুদসহ ৫টি জাতের ২০,০৫৭ মে. টন গম বীজ উৎপাদন করেছে এবং তা সংরক্ষিত আছে। এছাড়া গত ২০০৪-০৫ মৌসুমে আমদানীকৃত ইউপি-২৬২ জতের ৯৪৮ মে. টন গমবীজ মজুদ আছে। অর্থাৎ সর্বমোট ২১,০০৫ মে. টন গমবীজ ২০০৬-০৭ সালে বিতরণ করা হবে।<br>পিপি অনুযায়ী ২০০৬-০৭ সালে ১,৩০০ মে. টন ভিত্তি ও ২৪,৫৫০ মে. টন মানঘোষিত গমবীজ উৎপাদনের লক্ষ্যমাত্রা নির্ধরিত রয়েছে। **কৃষি মন্ত্রণালয় হতে দেশে বীজ সরবরাহ পরিকল্পনায় ২০০৭-০৮ সালে বিএডিসি'র জন্য মোট ৩,০০০ মে. টন ভিত্তি ও ৩,০০০ মে. টন প্রত্যায়িত এবং ১৮,০০০ মে. টন মানঘোষিত অর্থাৎ সর্বমোট ২৪,০০০ মে. টন গমবীজ সরবরাহ লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে।**<br>অপরদিকে কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে ২০০৬-০৭ ও ২০০৭-০৮ সালের জন্য যথাক্রমে ১৮,১৫০ মে. টন ও ২২,০০০ মে. টন মানঘোষিত গম বীজের চাহিদা পাওয়া গিয়েছে।<br>২০০৬-০৭ সালে গম বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণকালে বিগত বছরসমূহের বীজ বিতরণ ধারা, কৃষকদের গম বীজের চাহিদা, পছন্দনীয় জাত, ব্রিডার বীজের প্রাপ্যতা, বেসরকারী প্রতিষ্ঠান/বীজ উৎপাদকদের নিকট হতে ভিত্তি বীজের চাহিদা, দেশে খাদ্য উৎপাদনের বিষয়সমূহ বিবেচনায় এনে **২০০৭-০৮ সালে বিতরণের জন্য ২০০৬-০৭ সালে বিএডিসি হতে ১,৫৭৭ মে. টন ভিত্তি এবং ৩,৯৪০ মে. টন প্রত্যায়িত এবং ১৬,৩৮৩ মে. টন** মানঘোষিত গম বীজের জাতওয়ারী উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণের প্রস্তাব করা হয়।<br>বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটের প্রতিনিধি প্রতিভা জাতের বীজ উৎপাদন বাদ দেয়ার জন্য জন্য সভায় অনুরোধ জানান। | প্রস্তাব ঃ<br>(১) ২০০৬-০৭ উৎপাদন মৌসুমে বিএডিসি'র খামারে ৬৪৫ মে. টন ভিত্তি, চুক্তিবদ্ধ চাষী জোনসমূহের চাষীদের মাধ্যমে ৯৩২ মে. টন ভিত্তি, ৩,৯৪০ মে. টন প্রত্যায়িত ও ১৬,৩৮৩ মে. টন মানঘোষিত গম বীজ উৎপাদন করবে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-'খ')।<br>(২) ২০০৬-০৭ ও ২০০৭-০৮ সালে বাংলাদেশ কৃষি গবেষণা প্রতিষ্ঠান থেকে ২০০৬-০৭ সালের জন্য ১০,০০০ কেজি ও ২০০৭-০৮ সালের জন্য ৯০,০০০ কেজি ব্রিডার গম বীজ বিএডিসিকে সরবরাহ করবে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-'খ')।<br>(৩) কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও গবেষণা প্রতিষ্ঠান নতুন জাতসমূহের উপর গুরুত্ব আরোপ করে সর্বোচ্চ সংখ্যক প্রদর্শনীর আয়োজন করবে। সেক্ষেত্রে গবেষণা প্রতিষ্ঠানসমূহ হতে প্রয়োজনীয় ব্রিডার বীজ ডিএই'কে সরবরাহ করবে।<br>(৪) কৃষি তথ্য সার্ভিস কর্মসূচী অনুযায়ী উৎপাদিত সমুদয় বীজ বিক্রয়ের জন্য 'ক্যামপেন' আকারে প্রচারণার কর্মসূচী গ্রহণ | |

| আলোচ্য সূচী | আলোচনা | গৃহীত সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| | বিএডিসি'র পক্ষে এ ব্যাপারে সভায় অবহিত করা হয় যে, বিএডিসি'র মাধ্যমে কাঞ্চন জাতের গম বীজ উৎপাদন মোটেই করা হচ্ছে না। শতাব্দী জাতের গম বীজের দানা (গ্রেইন) কোন কোন এলাকায় ছোট হচ্ছে। সে কারণে কৃষকের কাছে প্রতিভা জাতের গম বীজের চাহিদা রয়েছে। তাই প্রতিভা জাতের গম বীজ উৎপাদন না কমিয়ে উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণ করা প্রয়োজন। এ ব্যাপারে বিস্তারিত আলোচনা করে প্রস্তাবিত উৎপাদন কর্মসূচী জারী করার জন্য বিএডিসিকে অনুরোধ জানানো হয়। | ও বাস্তবায়ন করবে। | |
| ০৬-০৭ উৎপাদন সুমের জন্য বীজের পৎকালীন মজুদ র্সূচীর অধীন গম জ উৎপাদন লক্ষ্যমাত্রা র্ধারণ। | সদস্য সচিব সভায় অবহিত করেন যে, "বীজের আপৎকালীন মজুদ কর্মসূচীতে" ২০০৫-২০০৬ সালে ১,৩০০ মে. টন উৎপাদন লক্ষ্যমাত্রার বিপরীতে ১,৪৪২ মে. টন গম বীজ সংগ্রহ হয়েছে, যা ২০০৬-০৭ সালে বিতরণের জন্য সংরক্ষিত আছে। চলতি ২০০৬-০৭ সালে ৪টি জোনের লক্ষ্যমাত্রা আছে ১,৫০০ মে. টন। বর্তমানে সংশোধিত কর্মসূচীতে আরো ৬টি জোন বৃদ্ধি হওয়ায় মোট ১০টি জোনে শতাব্দী জাতের ১,৪০০ মে. টন ও প্রতিভা জাতের ৭০০ মে. টন মোট ২,১০০ মে. টন গম বীজ উৎপাদন ও সংগ্রহ লক্ষ্যমত্রা নির্ধারণ করা প্রয়োজন। এ ব্যাপরে কমিটির সদস্যগণ একমত পোষণ করেন এবং প্রস্তাবটি অনুমোদনের জন্য সুপারিশ করেন। | বীজের আপৎকালীন মজুদ ও তার ব্যবস্থাপনা কর্মসূচীতে চলতি ২০০৬-০৭ সালে শতাব্দী জাতের ১,৪০০ মে. টন ও প্রতিভা জাতের ৭০০ মে. টন মোট ২,১০০ মে. টন গম বীজ উৎপাদন করবে (বিস্তারিত বিবরণ পরিশিষ্ট-'খ')। | |

কোন আলোচ্য সূচী না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(শেখ এনায়েত উল্লাহ)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও উপকরণ)
কৃষি মন্ত্রণালয়
ও
সভাপতি, সীড প্রমোশন কমিটি

পরিশিষ্ট-খ

# ২০০৬-২০০৭ উৎপাদন মৌসুমে বোরো ধান ও গম বীজের উৎপাদন লক্ষ্যমাত্রা নির্ধারণী সভার কার্যবিবরণী

২০০৬-০৭ সালের বোরো ধান বীজের প্রস্তাবিত উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন)

| জাত | শ্রেণী | | | মোট |
|---|---|---|---|---|
| | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | |
| বিআর-৩ | ১০০ | - | ১০০ | ২০০ |
| বিআর-১৪ | ৫০ | ৫০ | ১০০০ | ১১০০ |
| বিআর-১৬ | ৫০ | ৫০ | ৪৫০ | ৫৫০ |
| বিআর-২৬ | ৪৫ | ১০০ | ৭০০ | ৮৪৫ |
| ব্রিধান-২৮ | ৭০০ | ৫০০ | ৬৫০০ | ৭৭০০ |
| ব্রিধান-২৯ | ১১০০ | ২৮০০ | ১৪৪৫০ | ১৮৩৫০ |
| ব্রিধান-৩৫ | ৫০ | - | - | ৫০ |
| ব্রিধান-৩৬ | ১০০ | - | - | ১০০ |
| বিনা-৬ | ৫ | - | - | ৫ |
| ব্রি-হাইব্রিড-১ | - | - | ১০ | ১০ |
| মোট ঃ | ২২০০ | ৩৫০০ | ২৩২১০ | ২৮৯১০ |

২০০৬-০৭ সালের আপৎকালীন মজুদ প্রকল্পের প্রস্তাবিত মানঘোষিত বোরো বীজ উৎপাদন লক্ষমাত্রা

| জাত | পরিমাণ (টন) |
|---|---|
| বিআর-২৬ | ২০০ |
| ব্রিধান-২৮ | ১৫০০ |
| ব্রিধান-২৯ | ২১০০ |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| | |
| মোট ঃ | ৩৮০০ |

২০০৬-০৭ সালের ব্রিডার বোরো বীজের সম্ভাব্য প্রাপ্তির পরিমাণ

| জাত | পরিমাণ (কেজি) |
|---|---|
| বিআর-৩ | ১০০০ |
| বিআর-১৪ | ১০০০ |
| বিআর-১৬ | ৫০০ |
| বিআর-২৬ | ৫০০ |
| ব্রিধান-২৮ | ৭০০০ |
| ব্রিধান-২৯ | ৮৪০০ |
| ব্রিধান-৩৫ | ১০০০ |
| ব্রিধান-৩৬ | ৫০০ |
| ব্রিধান-৪৫ | ৫০ |
| বিনা-৬ | ৫০ |
| মোট ঃ | ২০,০০০ |

২০০৬-০৭ সালে গম বীজের প্রস্তাবিত উৎপাদন লক্ষ্যমাত্রা (মে. টন)

| জাত | শ্রেণী | | | মোট |
|---|---|---|---|---|
| | ভিত্তি | প্রত্যায়িত | মানঘোষিত | |
| প্রতিভা | - | ৫১৬ | ৪৫৩৬ | ৫০৫২ |
| শতাব্দী | ৭৮৮ | ৩৪২৪ | ১১০৯০ | ১৫৩০২ |
| সৌরভ | ৪৭৬ | - | ৭৫৭ | ১২৩৩ |
| গৌরব | ২৪৮ | - | - | ২৪৮ |
| বিজয় | ১২ | - | - | ১২ |
| প্রদীপ | ৫৩ | - | - | ৫৩ |
| মোট ঃ | ১৫৭৭ | ৩৯৪০ | ১৬৩৮৩ | ২১৯০০ |

২০০৬-০৭ সালে বীজের আপৎকালীন মজুদ প্রকল্পের প্রস্তাবিত মানঘোষিত গমবীজ উৎপাদন লক্ষ্যমাত্রা

| জাত | পরিমাণ (টন) |
|---|---|
| প্রতিভা | ৭০০ |
| শতাব্দী | ১৪০০ |
| | |
| | |
| | |
| | |
| মোট ঃ | ২১০০ |

২০০৬-৭ সালের ব্রিডার গম বীজের সম্ভাব্য প্রাপ্তির পরিমাণ

| জাত | পরিমাণ (কেজি) |
|---|---|
| গৌরব | ৯০০ |
| সৌরভ | ১২০০ |
| শতাব্দী | ৩০০০ |
| বিজয় | ৯০০ |
| প্রদীপ | ৪০০০ |
| | |
| মোট ঃ | ১০,০০০ |

পরিশিষ্ট - ক

# ১৩/৯/০৬ ইং তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সীড প্রমোশন কমিটির ৩৮-তম সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের তালিকা

(স্বাক্ষরের ক্রমানুসারে)

| ক্রমিক নং | নাম | পদবী ও সংস্থার নাম | টেলিফোন নম্বর |
|---|---|---|---|
| ১ | জনাব মোঃ আব্দুর রশীদ | সদস্য-পরিচালক (বীজ ও উদ্যান), বিএডিসি | ৯৫৫৯৩৭৩ |
| ৮ | জনাব মোঃ আব্দুল বাকী | পরিচালক (গবেষণা), ব্রি, গাজীপুর | ৯২৫২৪২৯ |
| ১৮ | ড. মোঃ খায়রুল বাশার | প্রকল্প পরিচালক, বিআরআরআই | ৯২৫৭৪০১-৫ |
| ৪ | জনাব মোঃ আবদুল মান্নান | অতিঃ মহা-ব্যবস্থাপক (বীজ বিতরণ), বিএডিসি | ৭১৬০১৪৯ |
| ৫ | জনাব মোঃ সিরাজুল ইসলাম | প্রকল্প ব্যবস্থাপক (বীআসক), বিএডিসি | ৯৫৫১৫৪১ |
| ৬ | জনাব মোঃ আব্দুল লতিফ মিয়া | অতিঃ মহা-ব্যবস্থাপক (খামার), বিএডিসি | ৯৫৫২৬০২ |
| ৭ | জনাব মোঃ সুলতান গিয়াস উদ্দিন | উপ-ব্যবস্থাপক (খামার), বিএডিসি | ৯৫৫৬০২ |
| ৮ | জনাব মোঃ আজিজুল হক | ব্যবস্থাপক (কঃ গ্রোঃ), বিএডিসি | ৯৫৫২৬০১ |
| ৯ | ড. মোহাম্মদ সাইফুজ্জামান | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, গম গবেষণা কেন্দ্র, বিএআরআই | ৯২৫৬১৬৪ |
| ১০ | ড. মোহাম্মদ হোসেন | পরিচালক (গবেষণা), বিনা | ০৯১-৫৪০৪৬ |
| ১১ | জনাব মোঃ শাহজাহান আলী | ব্যবস্থাপনা পরিচালক, এলাইড এগ্রো ইন্ডাস্ট্রিজ, বাড়ী-৩২১/৫, লেন-৫, ডিওএইচএস, বারিধারা, ঢাকা | ৮৮১৬৪৭৬, ৯৮৯৬৯০৬, ০১৫২-৪০৫৩৪৯ |
| ১২ | জনাব মোঃ তালেব আলী শেখ | পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর | ৯২৫২০৩৩ |
| ১৩ | জনাব আনোয়ার ফারুক | মহা-পরিচালক (বীজ), বীজ উইং, কৃষি মন্ত্রণালয় | ৭১৬৪৬২৪ |
| ১৪ | জনাব চন্দন কুমার সাহা | পি এস ও, বিজেআরআই | ৯১৪৫৯৩৩ |
| ১৫ | জনাব এ কে এম জামশেদ আলী মজুমদার | ব্যবস্থাপক (কর্মসূচী), বিএডিসি | ৯৫৫২৫১২ |
| ১৬ | জনাব মোঃ নজরুল ইসলাম | মহা-ব্যবস্থাপক (বীজ), বিএডিসি ও সদস্য-সচিব, সীড প্রমোশন কমিটি | ৯৫৫২৩১৭ |